মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের পুর্নাঙ্গ কমিটি গঠন

সেলিম আহমেদকে সভাপতি এবং এম এ এস ইমনকে সাধারন সম্পাদক করে মেহেরপুর জেরা কমিউনিটি ক্লাবের পুর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। গতকাল রবিবার সন্ধায় এ কমিটি গঠন করা হয়। আগামী ১২ ডিসেম্বর বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টায় প্রাানী সম্পদ অধিদপ্তর মৃত্তিকা অডিটোরিয়ামে কমিটির সকলকে উপস্থিত থাকতে বলা হয়েছে।

কমিটির অন্য সদস্যরা হলেন- সহ সভাপতি আহসান হাবীব, এস এম মরতুজা আলম (বুলবুল), শহীদুল্লাহ আল কাওছার, মাহমুদুল হাসান মিলন, রেজাউল হক, শাহিনুজ্জামান, ব্যারিস্টার হাফিজ, ক্যাপ্টেন আজম, সাঈদ আহমেদ সাইক্লোন, যুগ্ন সাধারন সম্পাদক মিল্টন এইচ বিশ্বাস (মুখপাত্র), এনামুল হক মিন্ট, মঞ্জুরুল আলম মিলন, এম এম নূর ইসলাম, সেলিমুল আলম মাসুম, আনিছুর রহমান টোকন, নির্বাহী পরিচালক বিকলুস আহমেদ, সাংগঠনিক সম্পাদক আজিজুল হক (আজিজ), জেমস্ স্বপন মল্লিক (বাবু), শোয়েব রেহমান, কোষাধ্যক্ষ মোঃ মাসুদ রেজা (সম্পাদক), শামীম আহমেদ (সহ-সম্পাদক), দপ্তর সম্পাদক সাইদুর রহমান, সহ দপ্তর সম্পাদক সম্রাট বিশ্বাস, প্রচার সম্পাদক কামরুল ইসলাম, সহ প্রচার সম্পাদক সোহানুর রহমান সোহান, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট আল ইমরান মুকুল, সহ আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট রাশেদুল ইসলাম রাশেদ,সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সারেক রায়হান (অরুপ শিশির), সহ সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সম্পাদক মোঃ জুলফিকার আলী, দুর্যোগ ও ত্রান বিষয়ক সম্পাদক কামাল হোসেন, সহ-সম্পাদক নাজমুল হুদা, স্বাস্থ সেবা সম্পাদক সাখাওয়াত হোসেন পিন্টু, সহ-সম্পাদক তৌহিদুর রহমান লুটু. তথ্য ও প্রযুক্তি সম্পাদক হাসানুজ্জামান সুজন, সহ- সম্পাদক রাজু আহমেদ, বন ও পরিবেশ সম্পাদক রাকিবুল ইসলাম রাকিব সহ- সম্পাদক প্রিন্স ইমরান, স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক, সহ-সম্পাদক ইলিয়াস মোঃ জমিরুল ইসলাম, ছাত্র বিষয়ক সম্পাদক খাইরুল ইসলাম সহ-সম্পাদক নাইম ইসলাম, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আহাম্মেদ কাদের বীন হান্নান (বিদ্যুৎ),সহ- সম্পাদক সাইফুল ইসলাম, ধর্ম বিষয়ক সম্পাদক সেলিম রেজা মিলন, সহ-সম্পাদক মোঃ আবুল কালাম আজাদ, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাইফুল ইসলাম (ডলার),সহ- সম্পাদক মাহাবুব হোসেন,) মহিলা বিষয়ক সম্পাদক তছলিমা খাতুন,সহ-সম্পাদক শারমীন রতœ◌া, পাঠাগার

সম্পাদক হাসানুজ্জামান দুলাল, সহ-সম্পাদক আলমগীর হোসেন, শ্রম ও কর্ম সংস্থান সম্পাদক লিটন সরকার লিটু, সহ-সম্পাদক শাহীনুর রহমান, যুব সম্পাদক রোকনুজ্জামান রকন,সহ-সম্পাদক হেলেন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক গোলাম মোস্তফা, সহ-সম্পাদক হুমায়ন ইলতুত, ক্রীড়া বিষয়ক সম্পাদক রাশেদুজ্জামান বিপুল,সহ- সম্পাদক মাহাবুব শ্যামল, শিক্ষা বিষয়ক সম্পাদক শেখ কামাল সুমন, সহ-সম্পাদক সোহাগ, খাদ্য ও আপ্যায়ন সম্পাদক কামরুজ্জামান সোহাগ, সহ-সম্পাদক লিপন মন্ডল লিপু।

হ্যাপি মন্ডল, জয়নাল আবেদিন,সুবরনা রহমান, শাহজাহান কবির, মুস্তাফিজুর রহমান মুস্তাক , কুদরতে খোদা রুবেল, মাহাতাব উদ্দীন মিঠু, হাফিজুর রহমান, মাসুদ মোহাম্মদ লতিফ, মাহবুব রহমান, সাইফ হাসান কৌশিক, আবির বিন্দু, আহসান হাবীব অনিক, গালিব জামান, ইলিয়াস হোসেন, রোকনুজ্জামান খোকন, আলম হোসেন, সাদাত হোসেন, সুমি শবনম, মোস্তাফিজুর রহমান লিটন, আব্দুল খালেক, প্রভাষক হাফিজুর রহমান, আবু নাসের কচি,এস পি কাজল,ডাঃ কাজল, রাশেদুল ইসলাম পল্লব, প্রভাষক আশরাফুল ইসলাম চঞ্চল, রেজা বীন মুজিব, মাহাফুজুর রহমান রতন, মুসলিমারা জেসমিন, আসাদুজ্জামান আসাদ, মখলেছুর রহমান (বুলবুল), মেজর মাহফুজ সামিউজ্জামান সামী, দেলোয়ার হোসেনকে।
- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রি শুরু

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে টিসিবির সহযোগীতায় ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রির উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে জেলা প্রশাসক মো: আতাউল গনি পেঁয়াজ বিক্রি কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান উপস্থিত ছিলেন।

এসময় জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, অসাধু ব্যবসায়ীদের খপ্পড়ে পড়ে পেঁয়াজের দাম বেড়েই চলেছে। আমরা সরকারি ভাবে টিসিবির মাধ্যমে ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রির উদ্যোগ গ্রহণ করেছি। ১ম দফায় ১০ মেট্রিক টন পেঁয়াজ আনা হয়েছে। পরবর্তিতে আরো পেঁয়াজ আনা হবে। ক্রেতাদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা শান্ত সুষ্ঠভাবে পেঁয়াজ কিনবেন। কেউ নিজের কাজ ফেলে পেঁয়াজ কিনতে আসবেন না। কাজ সেরে ধীরে সুস্থে আসবেন। আপনারা সকলেই এখান থেকে পেঁয়াজ কিনতে পারবেন। কেউ একবারে বেশি পেঁয়াজও কিনবেন না।

তিনি আরো বলেন, মেহেরপুরে যেসকল টিসিবির ডিলার আছেন । তারা পেঁয়াজ আনতে আগ্রহ প্রকাশ না করায় তাদের লাইসেন্স বাতিলের ব্যবস্থা করা হয়েছে। একই সাথে অসাধু ব্যবসায়ীদের আইনের আওতায় এনে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

-এস এ সাদিক খান,মেহেরপুর

এবার মায়ের পছন্দে বিয়ে করবেন অপু বিশ্বাস

ঢাকাই চলচ্চিত্রের এক উদীয়মান নায়ককে নাকি বিয়ে করতে যাচ্ছেন ঢালিউড কুইন অপু বিশ্বাস।এ গুঞ্জন চাওর হয়েছে। তবে এই গুঞ্জন উড়িয়ে দিয়ে অপু বলেন, যাকে নিয়ে কথা হচ্ছে তাকে বিয়ে করার কোনো সম্ভাবনা নেই। এটি খুবই দুর্বল গুজব।

তবে ঢাকাই চলচ্চিত্রের নায়কের সঙ্গে গাঁটছাড়া বাধার সম্ভাবনা উড়িয়ে দিলেও অপু দ্বিতীয় সংসার পাতবেন বলে জানিয়েছেন। তবে এবার মায়ের পছন্দে বিয়ে করার সিদ্ধান্ত নিয়েছেন ঢালিউড নায়িকা।

এখনই অপু বিশ্বাস বিয়ে করবেন এই সম্ভাবনা কম। এ বিষয়ে তিনি গণমাধ্যমকে বলেন, ‘বিয়ে হয়তো করতেও পারি কোনো একদিন। যদি করি তবে এবার মায়ের ইচ্ছায় বিয়ে করব। তার মানে এই নয় যে, আমি এখনই বিয়ে করে ফেলছি বা বিয়ের জন্য পাত্র দেখা শুরু করে দিয়েছি। বিয়ে করলে সবাই জানতে পারবে।

শাকিব-অপু দম্পতির বিচ্ছেন হয় গত বছরের ১২ মার্চ। ২০০৮ সালের ১৮ এপ্রিল বিয়ের বন্ধনে আবদ্ধ হয়েছিলেন ঢাকাই ছবির এক সময়ের হিট জুটি শাকিব খান ও অপু বিশ্বাস। ২০১৬ সালের ২৭ সেপ্টেম্বর জন্ম হয় তাদের সন্তান আব্রাম খান জয়ের। এখন বসুন্ধরা আবাসিক এলাকার ‘ইন্টারন্যাশনাল স্কুল ঢাকা’তে প্লে-গ্রুপে পড়ছে জয়। তাকে ঘিরেই অপুর সুখের সংসার।

সুপারস্টার শাকিব খানের সঙ্গে বিয়েবিচ্ছেদের পর একা রয়েছেন অপু বিশ্বাস। ছেলে আব্রাম খান জয়কে নিয়েই তার সময় কাটছে। বিচ্ছেদ ধকলের পর বেশ কিছুদিন অভিনয় থেকে ছিলেন দূরে। কিছুদিন হলো অভিনয়ে নিয়মিত হয়েছেন।

- বিনোদন ডেস্ক

শীতেও পর্যাপ্ত পানি পান করুন

শীতে পানির পিপাসা কম লাগার কারণে আমরা অনেক সময় পানি খাওয়া কমিয়ে দেই।ফলে শরীরের বিভিন্ন ধরনের ক্ষতি হতে পারে। শীতের সময়ে ঘাম হয়ে শরীর থেকে পানি বেরিয়ে যাওয়ার প্রক্রিয়া কমে যায়। এ সময় পানি খুব একটা খাওয়া হয় না।তাই শরীরে পানির ঘাটতি হলেও অনেকে বুঝতে পারেন না।

মানবদেহের ৭৫ ভাগই পানি। খাবার ছাড়া কয়েক দিন কাটাতে পারলেও পানি না খেলে অসুস্থ হয়ে পড়বেন। শারীরিক জটিলতা কিন্তু তাই পানির ঘাটতিতে থেমে থাকে না।তাই অবশ্যই পর্যাপ্ত পরিমাণ পানি পান করতে হবে।

যে সব লক্ষণে বুঝবেন শরীরে পানির ঘাটতি-

১. শরীরে পানির অভাব দেখা দিলে মাথা যন্ত্রণা, মাইগ্রেন বা চোখের সমস্যা হতে পারে। হঠাৎ মাথা ধরলে বুঝবেন পানি খাওয়া প্রয়োজন।

২. শীতে অসুস্থ হলে শুধু ওষুধে ভরসা রাখবেন না। তার সঙ্গে চেষ্টা করুন পানির পরিমাণও বাড়াতে।

৩. শরীরের টক্সিন ও ব্যাকটিরিয়াকে শরীর থেকে বের করে দেয় পানি। কম পানি খেলে সে সব ভালো করে বেরুতে পারে না। ফলে শরীর দুর্বল হতে থাকে।

৪. মূত্রের মাধ্যমে শরীরের অনেকটা টক্সিন বেরিয়ে যায়। কিন্তু পানি কম খেতে থাকলে শরীর তার পর্যাপ্ত টক্সিন বয়ে নিয়ে যাওয়ার উপকরণ পায় না। তাই মূত্র কম তো হয়ই, সঙ্গে তাতে জ্বালাভাবও থাকে।

৫. পানি কম খেলে কোলন বর্জ্য জমা করার সময় মল থেকেও পানিটুকু শুষে নেবে। ফলে মল কঠিন হয়ে কোষ্ঠকাঠিন্যের সমস্যা বাড়িয়ে তোলে।

৬. খাওয়ার কিছুক্ষণ পরই আবার খিদে পেয়েছে বুঝলে আর বারবার এমন হতে থাকলে জোর দিন পানি খাওয়ায়।

৭. শরীরে টক্সিন জমলে অবধারিতভাবে তা ত্বককে নিষ্প্রাণ করে তুলবে।বিভিন্ন রোগ প্রতিরোধ করতে নিয়মিত পানি পান করুন।

সূত্র: আনন্দবাজার পত্রিকা

কর্মসংস্থানের লক্ষ্যে মেহেরপুরে সরকারি ভাবে কম্পিউটার ও বিউটিফিকেশন কোর্সে ভর্তি চলছে

মেহেরপুরে সম্পূর্ণ সরকারি ভাবে, মেহেরপুর জেলার সর্ববৃহত্তর কম্পিউটার ট্রেড, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র মেহেরপুর শহর সমাজসেবা কার্যালয়ে ২৯ তম ব্যাচে জানুয়ারী-২০২০ হতে জুন-২০২০ সেশনে ৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটারে অফিস_এ্যাপ্লিকেশন, বিউটিফিকেশন সক বিভন্ন কোর্সের ভর্তি ফরম বিতরণ ও ভর্তির কার্যক্রম শুরু হয়েছে।

মেহেরপুর জেলার বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান গড়ার লক্ষ্যে নিজেকে দক্ষ ও স্বাবলম্বী করে তোলার উদ্দেশ্যে মেহেরপুর শহর সমাজসেবা কার্যালয় দূর-দূরান্ত থেকে ছুটে আসা প্রশিক্ষণার্থীরা কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করছেন। মেহেরপুর জেলার সর্ববৃহৎ সরকারি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র।

সরজমিনে গিয়ে দেখা যায় বর্তমানে জুলাই 2019 হতে ডিসেম্বর 2019 শেসনে ২৯ তম ব্যাচে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে মেহেরপুর শহর সমাজসেবা কার্যালয় এর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের 180 জন কম্পিউটার প্রশিক্ষণার্থীরা কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করছেন।

এখানে শুধু কম্পিউটার প্রশিক্ষণ নয় এখানে কম্পিউটার প্রশিক্ষণ, বিউটিফিকেশন, সেলাই ড্রেস মেকিং, আরবিয়ান, করিয়ান ভাষা, আমিনশীপ, গ্রাফিক্স ডিজাইন ও কম্পিউটার আউট সোর্সিং সকল পর্যায়ের চালু আছে।

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের প্রধান কম্পিউটার প্রোগ্রামার ও প্রশিক্ষক এস এম রাসেল বলেন, সারা বাংলাদেশে ৬৪ জেলায় ৮০ ইউসিডি আছে।

এটা একটি সরকারি প্রতিষ্ঠান আমরা সরকারি ভাবে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করছি, শুধু কম্পিউটার প্রশিক্ষণ নয় এখানে ছাত্র-ছাত্রীকে কর্মসংস্থান গড়ার লক্ষ্যে, কম্পিউটার প্রশিক্ষণের পাশাপাশি তাদের ভবিষ্যৎ জীবনে কিভাবে কর্মদক্ষ এবং স্বাবলম্বী ও নিজেকে দক্ষ হিসেবে গড়ে তুলতে পারবে সে বিষয়ে তাদেরকে অনেক দিক নির্দেশনা সহ প্রশিক্ষণের কার্যক্রম নিষ্ঠার সাথে পালন করে আসছি।

আমাদের এখান থেকে কম্পিউটার প্রশিক্ষণ সহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে শত শত যুবক যুবতীরা তারা মেহেরপুরের বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে কর্মসংস্থান হিসেবে নিজেকে গড়ে তুলতে পেরেছেন।

আমাদের প্রতিষ্ঠানের সভাপতি জনাব মোঃ আমিনুল ইসলাম খোকন ও সমাজসেবা অফিসার আলাউদ্দিন স্যার ছাত্র-ছাত্রীদের জন্য এয়ারকন্ডিশন ল্যাব এবং প্রজেক্টরের মাধ্যমে ক্লাস গ্রহণের সকল কার্যক্রম করে দিয়েছেন৷ আমরা এখানে ৩ জন প্রশিক্ষক নিষ্ঠা ও দক্ষতার সাথে ছেলেমেয়েদের প্রশিক্ষণ দিয়ে যাচ্ছি এবং এই

প্রশিক্ষণের পাশাপাশি তারা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকারি সনদপত্র গ্রহণ করছে৷

প্রতিষ্ঠান প্রশিক্ষণরত ছাত্র-ছাত্রীরা বলেন, মেহেরপুর জেলায় অনেক সরকারি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র আছে কিন্তু শহর সমাজসেবা কার্যালয়ের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র এখানে আমাদের অনেক সুন্দর ভাবে কম্পিউটার ক্লাস নেন হাতে কলমে, এখানে কম্পিউটার প্রশিক্ষণ ইংলিশ স্পিকিং এর মাধ্যমে গ্রহণ করি ও অল্প খরচে ভর্তি সুযোগ পেয়ে অনেক আনন্দিত প্রশিক্ষণার্থীরা।

আগ্রহ ছাত্র/ছাত্রীদের শহর সমাজসেবা কার্যালয় থেকে অফিস চলাকালীন ফরম সংগ্রহ করার জন্য অুনরোধ করা হলো। ফরম মূল্য-১০০/- (একশত) টাকা মাত্র। সম্পূর্ণ শিতাতপ নিয়ন্ত্রীত ও সিসি ক্যামেরায় আওতাভূক্ত এবং মাল্টিমিডিয়ায় ইংলিশ স্পোকেনে প্রশিক্ষণ প্রদান। প্রশিক্ষণ শেষে কারিগরি শিক্ষাবোর্ড থেকে সরকারি সনদ পত্র প্রদান করা হয়।

অনুরোধক্রমে
মোঃ আমিনুল ইসলাম খোকন
সভাপতি
এবং
মোঃ আলাউদ্দীন
সমাজসেবা অফিসার
ও
অধ্যক্ষ
দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র- UCD
শহর সমাজসেবা কার্যালয়, মেহেরপুর।

ভর্তির জন্য বিস্তারিত জানতে- এস এম রাসেল, প্রধান কম্পিউটার প্রশিক্ষক, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, UCD মল্লিক পাড়াস্থ্য শহর সমাজসেবা কার্যালয়, মেহেরপুর। মোবাঃ 01911-966919

- নিজস্ব প্রতিনিধি

জেলা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের প্রার্থী তালিকা প্রকাশ

মেহেরপুর জেলা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের প্রার্থী তালিকা প্রকাশ করা হয়েছে।

রবিবার মেহেরপুর জেলা প্রেসক্লাবের অফিসে প্রার্থী তালিকা প্রকাশ করেন নির্বাচন কমিশনfর আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু।

১১ টি পদের বিপরীতে ১৪ জন প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে। আগামী ১৩ ডিসেম্বর শুক্রবার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

মেহেরপুর জেলা তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার সকাল ১১ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা টাস্কফোর্স কমিটির সভাপতি ও জেলা প্রশাসক আতাউল গনির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিগত দিনের তামাক নিয়ন্ত্রণে যে সকল পদক্ষেপ নেওয়া হয়েছে তা বর্ণনা করেন জেলা প্রশাসক।

সভাপতির মাধ্যমে মেহেরপুর ও গাংনী পৌরসভার তত্বাবধায়নে আগামী দিনে তামাক পণ্য বিপনন নিয়ন্ত্রণের লক্ষে তামাক পণ্য বিক্রয়কারীদের আলাদা ভাবে ট্রেড লাইসেন্সের আওতায় নিয়ে আসার প্রস্তাব দেন বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা।

বলা হয় পৌর এলাকায় লাইসেন্স ছাড়া কোন ব্যবসা পরিচালনা করা সম্ভব না তাই যদি তামাক পণ্য বিক্রয়কারীদের আলাদা লাইসেন্সের আওতায় নিয়ে আসলে তারা ১৮ বছরের কম বয়সী কারো কাছে তামাক পণ্য বিক্রয় করতে বা বিক্রয় কাজে ব্যবহার করতে পারবে না। তাহলে নতুন করে ধূমপায়ী তৈরি হবে না বা অনেকটা কম হবে। এছাড়াও বিজ্ঞাপন প্রদশর্ন করা কোম্পানীর বিরুদ্ধে কঠোর অবস্থান নিবে জেলা প্রশাসন।

এসময় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, সিভিল সার্জন ডা. শামীম আরা নাজনীন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও উপপরিচালক (স্থানীয় সরকার) তৌফিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার পরিচালক এমএ হাসান সুমন। এছাড়াও সকল সরকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর সদরে জলাতঙ্ক নির্মুলে অবহিত করন সভা

২০২২ সালের মধ্যে দেশে থেকে জলাতঙ্ক নির্মুলের লক্ষ্যে ব্যাপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম ২০১৯ বাস্তবায়নে উপজেলা পর্যায়ে অবহিত করন সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বেলা ১১ টার সময় মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে এ অবহিত করন সভার আয়োজন করে। উপজেলা

চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সিভিল সার্জন ডা. শামীম আরা নাজনীন।

অন্যদের মধ্যে বক্তব্য দেন উপজেলা স্বাথ্য কর্মকর্তা ডা. অলোক কুমার, মেহেরপুর জেনারেল হাসপাতালের আরএমও ডা. এহসানুল কবির ডিএলও জাহাঙ্গির আলম, ইউপি চেয়ারম্যান শাহজামান, বোরহান উদ্দিন।

-নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে জলাতঙ্ক নির্মুলে অবহিত করন সভা অনুষ্ঠিত

২০২২ সালের মধ্যে দেশে থেকে জলাতঙ্ক নির্মুলের লক্ষ্যে ব্যাপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম ২০১৯ বাস্তবায়নে উপজেলা পর্যায়ে অবহিত করন সভা অনুীষ্ঠত হয়েছে।

আজ রবিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর রোগ নিয়ন্ত্রন শাখা এ অবহিত করন সভার আয়োজন করে।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। বিশেষ অতিথী ছিলেন, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়ামিন।

এসময় গাংনী উপজেলার ৯ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, স্বাস্থ্য সহকারি ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের বিষয়বস্তু তুলে ধরে বক্তব্য রাখেন এমডিভি সুপার ভাইজার মুক্তার উদ্দিন ও একরামুদ্দিন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এমটি ইপি আই আব্দুর রশিদ।

-নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]